

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 16-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Assembly.

দুই দিন বিরতির পর আজ থেকে রাজ্য বিধানসভার চলতি বাজেট অধিবেশন পুনরায় শুরু হবে। আজ বিধান সভায় অর্থ মন্ত্রী প্রণজিত সিংহ রায় ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট পেশ করবেন। উল্লেখ্য, রাজ্যপালের ভাষনের মধ্যে দিয়ে গত ১৩ ই মার্চ বিধানসভার অধিবেশন শুরু হয়েছে।

ECI announced bye-elections schedule:

ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, আজ গোয়া, কর্ণাটক, নাগাল্যান্ড এবং ত্রিপুরায় উপনির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে এবং ৯ এপ্রিল ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। গুজরাট এবং মহারাষ্ট্রে উপনির্বাচনের বিজ্ঞপ্তি এই মাসের ৩০ তারিখ জারি করা হবে এবং ২৩ এপ্রিল ভোটগ্রহণ হবে। তিনি জানিয়েছেন, ভোট গণনা হবে ৪ঠা মে। উল্লেখ্য, নির্বাচন কমিশন গতকাল ছয়টি রাজ্যের আটটি বিধানসভা আসনে উপনির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে। এর মধ্যে উত্তরপূর্বের নাগাল্যান্ডের করিডাং এবং ত্রিপুরার ধর্মনগর আসনও রয়েছে।

Election-Dharmanagar:

ভারতের নির্বাচন কমিশনের নির্ধারিত সময়সূচি অনুসারে ৫৬-ধর্মনগর বিধানসভা নির্বাচন ক্ষেত্রের উপনির্বাচনের পরিপ্রেক্ষিতে ২৮ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে ০১.০১.২০২৬ কে ভিত্তিবর্ষ ধরে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী ৫৬-ধর্মনগর বিধানসভা নির্বাচন ক্ষেত্রের মোট ভোটারের সংখ্যা ৪৬,১৪৩ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২২,৩৮০ এবং মহিলা ভোটার ২৩,৭৬৩ জন। রাজ্য মুখ্য নির্বাচন আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।

ECI announces poll schedule for 5 States:

ভারতের নির্বাচন কমিশন ঘোষণা করেছে, আজই আসাম, কেরলম এবং পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হবে। নয়াদিল্লিতে গতকাল নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, আসাম, কেরলম, পুদুচেরি এবং তামিলনাড়ুতে বিধানসভা নির্বাচন এক দফায় অনুষ্ঠিত হবে এবং পশ্চিমবঙ্গে হবে দুটি দফায় ভোটগ্রহণ। তিনি জানিয়েছেন, আসাম, কেরলম এবং পুদুচেরিতে ৯ই এপ্রিল ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে, অন্যদিকে তামিলনাড়ুতে ২৩শে এপ্রিল ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এছাড়া, পশ্চিমবঙ্গে, ২৩ এবং ২৯শে এপ্রিল দুটি দফায় ভোটগ্রহণ করা হবে। সে রাজ্যে প্রথম দফায় ১৫২টি বিধানসভা আসনে এবং দ্বিতীয় দফায় ১৪২টি আসনে ভোটগ্রহণ হবে। চারটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ভোটগণনা ৪ঠা মে অনুষ্ঠিত হবে বলেও মুখ্য নির্বাচন কমিশনার জানিয়েছেন।

Meeting- CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতিদের সার্বিক উন্নয়নের জন্য দৃঢ় সংকল্প নিয়ে কাজ করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গতকাল আগরতলার রবীন্দ্রশতবার্ষিকী ভবনে এক সভায় তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের সামগ্রিক অগ্রগতির মূল চাবিকাঠি হলো জনজাতি গ্রামগুলির আর্থ-সামাজিক অবস্থার উন্নতি। তাদের আর্থিক অবস্থার উন্নতি নিশ্চিত করার জন্য, ২০২৩-২৪ অর্থবর্ষে মুখ্যমন্ত্রী জনজাতি বিকাশ যোজনা চালু করার মাধ্যমে, জনজাতি পরিবারগুলির আয় বৃদ্ধির সুযোগ তৈরি করা হচ্ছে। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, রাজ্য সভার সাংসদ রাজ্যসভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ।

CM Basic Life Support Ambulance:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সাধারণ মানুষের কাছে সহজ ও উন্নত চিকিৎসা পৌঁছে দিতে নতুন পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন করছে সরকার। গতকাল আগরতলার শ্যামাপ্রসাদ মুখার্জী লেনের HCM বাংলো প্রাঙ্গণে ২৪টি লাইফ সাপোর্ট অ্যাম্বুলেন্স পরিষেবার সূচনা করে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, এর ফলে ট্রমার ক্ষেত্রে অনেক রোগীর সমস্যা সমাধান হবে। ২৪ টি অ্যাম্বুলেন্স এর মধ্যে ২০টি থাকবে ট্রমা সেন্টারের জন্য এবং বাকী ৪ টি মা এবং শিশুদের পরিষেবা প্রদানের জন্য নিয়োজিত থাকবে।

Minister Kishor Barman:

২০২০ সালের নতুন শিক্ষানীতির মাধ্যমে ডিগ্রি অর্জনের পর শিক্ষিত বেকার তৈরী না হয়ে শিক্ষিত দক্ষতা সম্পন্ন ব্যক্তি তৈরী হবে। গতকাল নলছড় ব্লক

কমিউনিটি হলে আয়োজিত এক অনুষ্ঠানে একথা বলেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় প্রথম থেকে দশম স্থানাধিকারী তফশিলি জাতিভুক্ত ছাত্র-ছাত্রীদের ডক্টর বি.আর আশ্বেদকর স্বর্ণপদক ও স্মৃতি পুরস্কার প্রদান করা হয় এই অনুষ্ঠানে। তাছাড়াও, সোনামুড়া মহকুমার ষষ্ঠ থেকে নবম শ্রেণীর পরীক্ষায় যে সমস্ত পড়ুয়া ৬০ শতাংশ বা তার বেশী নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে তাদেরকেও আশ্বেদকর স্মৃতি মেধা পুরস্কারে ভূষিত করা হয়।

Petroliam Ministry:

যেসব পরিবারে পাইপ লাইনে গ্যাস (PNG) এবং গৃহস্থালী (LPG) – উভয় সংযোগ রয়েছে, তাদের অবিলম্বে LPG প্রত্যাহার করার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক। মন্ত্রকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, যাদের PNG সংযোগ রয়েছে তারা আর গৃহস্থালি LPG সংযোগ রাখতে পারবেন না অথবা সরকারি তেল সংস্থা কিংবা তাদের অনুমোদিত পরিবেশকদের কাছ থেকে LPG সিলিন্ডারের রিফিল নিতে পারবেন না। এমন গ্রাহকদের অবিলম্বে তাদের LPG সংযোগ প্রত্যাহার করতে হবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে রাজ্যের বিভিন্ন অংশে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৩ ডিগ্রির কাছাকাছি।
